

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৬০

খোয়াই, ৯ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

ভোটারদের সচেতন করতে খোয়াইয়ে প্রীতি ভলিবল প্রতিযোগিতা

আসন্ন লোকসভা নির্বাচনে ভোটদান সম্পর্কে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা আসন্নের ভোটারদের সচেতন করতে আজ খোয়াই সরকারি বালক দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে এক প্রীতি ভলিবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন খোয়াই জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক চাঁদনী চন্দন। প্রতিযোগিতার উদ্বোধন করে তিনি বলেন, ভোটদানের বিষয়ে জনগণকে সচেতন ও আগ্রহী করতেই এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক কেশব কর, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন, অতিরিক্ত পুলিশ সুপার প্রবীর পাল প্রমুখ। ভলিবল প্রতিযোগিতায় ত্রিপুরা পুলিশ, বিএসএফ ও স্থানীয় খেলোয়াড়দের নিয়ে গঠিত দল অংশগ্রহণ করে।
